বাংলাদেশের অভাবমূর্তি

মাত্র একদিনে - ভোরের কাগজ - ১৫ই জুলাই শুক্রবার ৩৫ মুক্তিসন।

বাংলাদেশের ভাবমূর্তি নিয়ে দেশে বিদেশে অসংখ্য মাথায় শিরঃপীড়ার অন্ত নেই। কিন্তু দেশের আজ সর্বাঙ্গে ক্ষত। অভাবমূর্তির এ মাছটা এতই বড় যে বিশ্বের সর্ববৃহৎ শাক দিয়েও তা ঢাকবার উপায় নেই। ১৯৯৩-তে ৮৪০, ১৯৯৪-এ ১২৪০, ১৯৯৫-এ ২২৫০ ও ২০০৪ সালে ৬০০০ টি নারী-নির্যাতনের দলিল রয়েছে। প্রকৃত সংখ্যা কত হবে? এই হল আমার-আপনার দেশের প্রচন্ড অভাবমূর্তি, শুধুমাত্র একটা ক্ষেত্রেই। এ ব্যাপারে মুখমিষ্টি কথা ছাড়া কোন দলেরই কোন রকম প্রতিরোধের চেষ্টা নেই। খালেদা-হাসিনা-তসলিমা-সাকাচৌ-হুমায়ুন আজাদের ব্যাপারে হুংকারে আর মিটিং-মিছিলে যে আবেগ যে শক্তি ব্যয় হয়েছে তার একাংশে আমাদের মা-বোনেরা বেঁচে যেত। কিন্তু মাথা-মগজে সিল মেরে দেয়া লোকদের কোন মা-ও থাকেনা, বোনও থাকে না। এ অসহ ব্যাপারে জামাতিদেরও কোন সত্যিকারের প্রতিরোধ দেখা যাচ্ছে না। ওরা সম্ভবতঃ চায় দেশের সব রকমের অভাবমূর্তি বেড়ে যাক, তাতে আরো শক্তভাবে দাবী করা যাবে যে পিছলামি রাষ্ট্র না হবার ফলেই এসব ঘটছে।

- **ভৈরবে সালিস বৈঠকের রায়, ধর্ষককে ৫ হাজার টাকা জরিমানা**

ভৈরব প্রতিনিধি ঃ ভৈরবে এক ধর্ষিত কিশোরীর ইজ্জতের মূল্য ধার্য করা হয়েছে ৫ হাজার টাকা। স্থানীয় মাতব্বররা গত বুধবার সালিসিতে এ রায় দিলে ধর্ষক ৫ হাজার টাকা দিয়ে সে তার অপকর্মের শাস্তি থেকে রেহায় পায়। এ ব্যাপারে ধর্ষিতার পরিবারের সঙ্গে যোগাযোগ করা হলে তারা বলেন, গরিব হয়ে জন্ম নেওয়াটই অপরাধ। এর বেশি কিছু বলতে রাজি হননি তারা। (এটা ফতোয়ার আদালত নয় তবে শাফি' আইনে ধর্ষকের আর্থিক শাস্তির বিধান আছে কিন্তু অন্য শাস্তির উল্লেখ পাইনি - বাংলা বিধিবদ্ধ ইসলামিক আইনে অন্য শাস্তির বিধান আছে - ফতেমোল্লা)।

- **ফরিদপুরে পিতা-স্বামী ও সন্তানের সামনে মা- মেয়েসহ ৩ মহিলা গণধর্ষণের শিকার ঃ পুলিশ মামলা না নিয়ে তাড়িয়ে দিয়েছে এক ধর্ষিতাকে**

ফরিদপুর প্রতিনিধি ঃ ফরিদপুর শহরে স্বামী, পিতা ও সন্তানের সামনে সন্ত্রাসীরা মা, মেয়েসহ ৩ জনকে ধর্ষণ করেছে। পরে একজন ধর্ষিতা থানায় মামলা করতে গেলে পুলিশ মামলা না নিয়ে উল্টো ধর্ষিতাকেই গালাগাল করে থানা থেকে তাড়িয়ে দিয়েছে বলে অভিযোগ উঠেছে। এই ঘটনার পর ধর্ষিতাদের ২টি পরিবারসহ ৪টি পরিবার সন্ত্রাসীদের ভয়ে এলাকা ছেড়ে পালিয়ে গেছে।

- **মেহেরপুরে আইনশৃঙ্খলার অবনতি খুন ধর্ষণ অপহরণ বেড়েছে ঃ রাজনৈতিক নেতাসহ মানুষজন আতঙ্কে**

মেহেরপুর সংবাদদাতা ঃ মেহেরপুর জেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে। খুন, ধর্ষণ, ডাকাতি, অপহরণ ও বোমা হামলার মতো ঘটনা অহরহই ঘটছে। জেলার রাজনৈতিক নেতাসহ সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। ১৮ জুন সকালে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামে ৫ বছরের এক শিশু ধর্ষিত হয়। ২৬ জুন মেহেরপুর শহরের উপকণ্ঠে বামন পাড়া থেকে পলি (৯) ও শিল্পী (১১) নামে দুটি শিশুকে উদ্ধার করা হয়। শিশু দুটিকে ভারতে পাচারের উদ্দেশ্যে মাদারীপুর জেলার রাজৈর উপজেলার গোসালকান্দী থেকে আনা হয়েছিল। ২৯ জুন দুপুরে গাংনী উপজেলার শিমুলতলা গ্রামে একটি মেয়েকে শ্লীলতাহানির চেষ্টা করেছে এ অভিযোগে গ্রামের শহিদুলের বাড়ি ভাঙচুর ও তার ঘরে আগুন ধরিয়ে দেওয়া হয়।

- **দাগনভূঞা হাসপাতালে শিশু ধর্ষণের চেষ্টা, প্রতিবাদে গ্রামবাসীর ঘেরাও ঃ অভিযুক্ত কর্মকর্তা আটক, চাকরি থেকে সাসপেন্ড**

ফেনী প্রতিনিধি ঃ জেলার দাগনভূঁঞা থানা স্বাস্থ্য কমপ্লেক্সে এক শিশুকন্যা ধর্ষণের চেষ্টার অভিযোগে ইপিআই ইনচার্জকে আটক করেছে পুলিশ। এ ঘটনার প্রতিবাদে ও জড়িত ব্যক্তির শাস্তির দাবিতে শত শত গ্রামবাসী হাসপাতাল ঘেরাও করে।

- **ছাত্রদল ক্যাডারদের হাতে ছাত্রী লাঞ্ছিত ঃ সিলেট এমসি কলেজে কাল থেকে লাগাতার ছাত্র ধর্মঘট**

সিলেট অফিস ঃ ক্যাম্পাসে ছাত্রদল ক্যাডারদের হাতে ছাত্রী লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে এবং ক্যাডারদের গ্রেপ্তারের দাবিতে ছাত্রছাত্রীরা আগামীকাল শনিবার থেকে সিলেট এমসি কলেজে লাগাতার ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।
এদিকে গতকাল বৃহস্পতিবার ছাত্রীকে লাঞ্ছিত করার প্রতিবাদে এবং ছাত্রদল ক্যাডার হাবিব, তার সহযোগী আব্দুল গাফফার ও টুলুকে গ্রেপ্তারের দাবিতে ছাত্রছাত্রীরা কলেজ ক্যাম্পাসে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে।

- **কলারোয়ায় শ্লীলতাহানির অভিযোগে ভ্যানচালককে পুলিশে সোপর্দ**

সাতক্ষীরা সংবাদদাতা ঃ জেলার কলারোয়া সোনাবাড়ীয়া হাইস্কুলের সপ্তম শ্রেণীর ছাত্রী গতকাল বৃহস্পতিবার সকালে স্কুলে যাওয়ার পথে শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে ভ্যানচালককে পুলিশে সোপর্দ করা হয়েছে।

- **কাপাসিয়ায় দ্বিতীয় শ্রেণীর ছাত্রী ধর্ষণের শিকার ধর্ষক গ্রেপ্তার**

কাপাসিয়া (গাজীপুর) প্রতিনিধি ঃ উপজেলার রায়েদ ইউনিয়নের প্রত্যন্ত গ্রামে গত বুধবার সন্ধ্যায় বেলাসী প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণীর ছাত্রীকে এক নরপশু উপর্যুপরি ধর্ষণ করেছে। এলাকার লোকজন ধর্ষককে হাতেনাতে ধরে থানায় সোপর্দ করেছে।

- **নগরীতে ২ তরুণীর লাশ উদ্ধার**

কাগজ প্রতিবেদক ঃ রাজধানীর হাজারীবাগ ও আদাবর থানা এলাকায় দুটি বাসা থেকে গতকাল বৃহস্পতিবার পুলিশ এক গৃহপরিচারিকাসহ ২ তরুণীর ঝুলন্ত লাশ উদ্ধার করেছে। তারা হলো মায়া আক্তার (১৯) ও রাবেয়া আক্তার (১৪)।

- **নগরীতে কলেজছাত্রী অপহৃত**

কাগজ প্রতিবেদক ঃ রাজধানীর বেইলি রোড থেকে ভিকারুন নিসা নূন স্কুল এন্ড কলেজের এক ছাত্রী অপহৃত হয়েছে। অপহৃত হুমায়রা নাজমুলকে (১৮) গত দুই দিনেও উদ্ধার করতে পারেনি পুলিশ। গ্রেপ্তার হয়নি অপহরণকারীদের কেউই।

- **রক্ত বিক্রির উদ্দেশ্যে অপহৃত স্কুলছাত্রী উদ্ধার**

কাগজ প্রতিবেদক ঃ রাজধানীতে অপহরণকারীদের কাছ থেকে এক স্কুলছাত্রীকে র‌্যাব-৪ সদস্যরা উদ্ধার করেছে। পুলিশ জানায়, শরীর থেকে রক্ত নিয়ে বিক্রি করার জন্য অপহরণকারীরা স্কুলছাত্রী ঝুমাকে অপহরণ করেছিল।

- **নারী পাচারের মামলায় সেতাবগঞ্জ পৌরসভার কমিশনার জেল হাজতে**

দিনাজপুর প্রতিনিধি ঃ নারী পাচারের মামলায় সেতাবগঞ্জ পৌরসভার এক কমিশনারকে জেল হাজতে পাঠানো হয়েছে।

- **ফরিদপুরে মা ও মেয়ে ধর্ষণের ঘটনায় পুলিশ ১০ দিন পর মামলা নিয়েছে**

শহরের মধ্য আলীপুর এলাকায় মা, মেয়েসহ ৩ জনকে গণধর্ষণের ঘটনার ১০ দিন পরে অবশেষে বুধবার রাতে পুলিশ মামলা নিয়েছে। পুলিশ ধর্ষিত ১ জনকে ডাক্তারি পরীক্ষা করিয়েছে এবং বিভিন্ন মহলের চাপে ধর্ষকদের গ্রেপ্তারের জন্য রাতে বিভিন্ন স্থানে অভিযান চালিয়েছে। তবে এখনো কেউ গ্রেপ্তার হয়নি। এদিকে ধর্ষণের ঘটনা প্রকাশ পাওয়ায় এলাকার কয়েক পরিবার ধর্ষকদের ভয়ে এলাকা ছেড়ে চলে গেছে।

- **দিনাজপুরে ৭ অনাথ কন্যার বিয়ে**

দিনাজপুর প্রতিনিধি ঃ লায়ন্স ক্লাব দিনাজপুরের স্থায়ী প্রকল্প লায়ন্স শিশু নিকেতনের বাসিন্দা ৭ অনাথ কন্যাকে গত ৯ জুলাই এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বরদের হাতে সম্প্রদান করা হয়। ১৯৮৩ সাল থেকে গত ২৫ বছরে লায়ন্স শিশু নিকেতনের ৭০ জন অনাথ মেয়েকে বিয়ে দিয়ে সমাজে পুনর্বাসিত করা হয়েছে। বর্তমানে ১৩২ জন অনাথ মেয়ে শিশু নিকেতনের বাসিন্দা হিসেবে সাধারণ ও ধর্মীয় শিক্ষার পাশাপাশি বৃত্তিমূলক কাজে প্রশিক্ষণ গ্রহণ করছে।

বাংলাদেশ আজ এক পড়ন্ত পাথর।

ফতেমোল্লা
১৭ই জুলাই, ৩৫ মুক্তিসন (২০০৫)।